

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি ঘরে বসে ডিপিএড অনুশীলন কাজের নির্দেশনায় রিক্লেস্টিভ জার্নাল লেখা ও পাঠ পর্যবেক্ষণ বিষয়ে বিভিন্ন পিটিআই ও ডিপিএড শিক্ষার্থীদের মধ্যে অস্পষ্টতা দূরীকরণের জন্য নেপ থেকে রিক্লেস্টিভ জার্নাল লেখা ও পাঠ পর্যবেক্ষণ বিষয়ে নিম্নরূপ দুটি নমুনা দেয়া হলো।

১। রিক্লেস্টিভ জার্নালে নিচের তিনটি বিষয় থাকতে হবে এবং শিক্ষক তা নিচের নমুনা ছকের মন্তব্যের ঘরে লিখবেন।

- পর্যবেক্ষিত ভিডিও ক্লাসের যে কাজগুলো ভাল হয়েছে ?
- ভিডিও লেসনের কোন কাজগুলোতে আরও উন্নয়নের সুযোগ আছে?
- উন্নয়নের জন্য আপনার পরামর্শ।

সংসদ টিভিতে সম্প্রচারিত ক্লাসের উপর
নমুনা রিক্লেস্টিভ জার্নাল

তারিখ ও বার	সম্পাদিত কার্যক্রম	মন্তব্য
০০২০২০/০০/ বার-----	আজ আমি ----- শ্রেণির ----- বিষয়ের পাঠ পর্যবেক্ষণ করি	শ্রেণি কার্যক্রমে পাঠ উপস্থাপন, উপকরণ ব্যবহার ও শিক্ষকের বিষয়জ্ঞান এবং পাঠ্যপুস্তকের ব্যবহার আমাকে মুগ্ধ করেছে। বোর্ডে শিক্ষকের লেখা তত সুন্দর ও স্পষ্ট ছিল না। আমি মনে করি, সঠিক আকৃতি ও প্রবাহ বজায় রেখে লেখার চর্চা করলে এ সমস্যার সমাধান হবে।

২. সংসদ টিভিতে সম্প্রচারিত ক্লাসের উপর

নমুনা পাঠ পর্যবেক্ষণ

পর্যবেক্ষণকারী শিক্ষকের নাম: ---

শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

রোল নম্বর: ---

প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, -----।

পাঠদানকারী শিক্ষকের নাম: শাহরিনা বিন সুইটি পদবি: সহকারী শিক্ষক
বিদ্যালয়ের নাম: চরমোনাই সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরিশাল সদর,
বরিশাল।

শ্রেণি: প্রথম

বিষয়: প্রাথমিক গণিত

পাঠের শিরোনাম: যোগের ধারণা।

সময়: ২০ মিনিট

তারিখ: ০০/০০/২০২০

সবল দিক:

১. পাঠের শুরুতে ছড়ায় ছড়ায় সংখ্যা গণনার মাধ্যমে আবেগ সৃষ্টি করেছেন।
২. কিছু অর্ধবাস্তব উপকরণের মাধ্যমে যোগের ধারণা দিয়েছেন।
৩. শিক্ষার্থীদের বারবার সংখ্যা গণনা করে মুখে মুখে যোগ করিয়েছেন।
৪. বাড়ির কাজ দিয়েছেন।

উন্নয়নের ক্ষেত্র:

১. ক্লাসটি টিভিতে প্রচারিত সেহেতু সাউন্ডের দিকে খেয়াল রাখতে হতো।
২. যোগের ধারণার ক্ষেত্রে কিছু বাস্তব উপকরণ দেখানো যেত।
৩. বোর্ডের ব্যবহার প্রয়োজন ছিল।

অনুচিন্তন:

গণিত পাঠের উপকরণ প্রদর্শনের যে তিনটি পর্যায় আছে তার বাস্তব পর্যায়টা অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটির অনুপস্থিতি আমাকে নতুন করে ভাবতে শিখিয়েছে। শিখন শেখানো কার্যক্রম যে পর্যায়েরই হোক না কেন নিজেকে স্বাভাবিক রাখাটা অনেক গুরুত্বপূর্ণ।

পর্যবেক্ষণকারীর স্বাক্ষর